গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganjdinajpur.gov.bd

**১৫ আগস্ট ২০২৩ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : এম এম আশিক রেজা
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর

সভার তারিখ : ২৩/০৭/২০২৩
সময় বিকাল : ০৪.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ কনফারেন্স রুম

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভাপতি কর্তৃক সরকারি কর্মকর্তা, উপস্থিত স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, সুশীল সমাজের সদস্যবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, জনপ্রতিনিধিবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দসহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। একই সাথে ১৫ আগস্ট ১৯৭৫ এ নিহত তাঁর পরিবারের সদস্যসহ সকল শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। অতঃপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জুন ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.২৩.৪৪৬ নম্বর স্মারক ও জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয়ের ২২ জুলাই ২০২৩ তারিখের ০৫.৫৫.২৭০০.০০৬.১২.০০৯.২৩-৫১৩ নম্বর স্মারকে প্রাপ্ত কর্মসূচি পাঠ করে শোনানো হয়। সেই আলোকে নবাবগঞ্জ উপজেলায় দিবসটি পালনের বিষয়ে সকলের মতামত আহবান করা হলে অংশগ্রহণকারীগণ তাদের মূল্যবান মতামত প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

অনুষ্ঠানসূচিঃ

| ক্রঃনং | তারিখ | সময় ও স্থান | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২৩ | সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করতে হবে | স্ব-স্ব কর্তৃপক্ষ/ভবন মালিকগণ |
| ২ | | সকাল ১০.০০ টায় উপজেলা পরিষদ ম্যুরাল প্রাঙ্গন | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | উপজেলা পরিষদ ম্যুরাল প্রাঙ্গনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে | উপজেলা প্রশাসন, নবাবগঞ্জ |
| ৩ | | সকাল ১০.৩০ টায় উপজেলা পরিষদ কনফারেন্স রুম | আলোচনা সভা, যুব ঋণের চেক বিতরণ ও দোয়া অনুষ্ঠান | ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে আলোচনা সভা, যুব ঋণের চেক বিতরণ ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে | ১। উপজেলা প্রশাসন, নবাবগঞ্জ, ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নবাবগঞ্জ, |
| ৪ | | বাদ যোহর/সুবিধামত সময়ে সকল মসজিদ, মন্দির, গীর্জা ও প্যাগোডা | পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, আলোচনা সভা, প্রার্থনা ও দোয়া মাহফিল | পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, আলোচনা সভা, প্রার্থনা, দোয়া মাহফিল ও মোনাজাতের আয়োজন করতে হবে | ১। সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, নবাবগঞ্জ ২। ইমাম/পুরোহিতগণ |
| ৫ | | সুবিধামত সময়ে উপজেলা পরিষদ সানরাইজ বিদ্যানিকেতন | কবিতা পাঠ, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা | কবিতা পাঠ, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো | ১। উপজেলা শিক্ষা অফিসার, নবাবগঞ্জ ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবাবগঞ্জ |
| ৬ | ০১ আগস্ট ২০২৩ হতে ৩১ আগস্ট ২০২৩ পর্যন্ত | মাসব্যাপী | কালো ব্যাচ ধারণ | উপজেলার সকল সরকারি/বেসরকারি ,কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাচ ধারণ করার জন্য অনুরোধ করা হলো | ১। উপজেলা প্রশাসন, নবাবগঞ্জ ২। স্ব-স্ব দপ্তর প্রধানগণ |

**১৫ আগস্ট ২০২৩ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সভায় নিম্নলিখিত বিবিধ সিদ্ধান্ত গৃহীত হয়:-**

১। উপজেলার সকল কর্মসূচিতে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

২। সকল কর্মসূচিতে অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

৩। উপজেলা পর্যায়ে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া ও মিলাদ মাহফিল এবং প্রার্থনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৪। উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল কর্মসূচিতে আবশ্যিকভাবে সকল সরকারী কর্মকর্তা/কর্মচারীকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

৫। সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

৬। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারে রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইনটেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অফ দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমের পুরস্কার ও কৃতি শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, নবাবগঞ্জ এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

৭। সকল ইউনিয়ন পরিষদে উপজেলার ন্যায় জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্য রেখে ১৫ আগস্ট ২০২৩ এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন কর্মসূচি বাস্তবায়ন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন প্রেরণের জন্য চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

৮। ০১ আগস্ট ২০২৩ তারিখ হতে ৩১ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত মাসব্যাপী ড্রপডাউন ব্যানার উপজেলার সকল সরকারি/বেসরকারি কার্যালয়সমূহে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।

৯। কর্মসূচিসমূহ ব্যাপকভাবে প্রচার করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

১০। উপজেলার স্ব-স্ব দপ্তরকে তাদের নিজস্ব প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩/৭/২৩

এম এম আশিক রেজা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন কমিটি
নবাবগঞ্জ, দিনাজপুর।
ফোন নং-০৫৩৩৩-৫৬০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganjdinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৩-

তারিখ: ২৩/০৭/২০২৩

**বিতরণ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। মাননীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-৬
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৬। উপজেলা ---------------------------------------------- অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।
৭। চেয়ারম্যান ----------------------------------------------ইউপি (সকল), নবাবগঞ্জ, দিনাজপুর।
৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার----------------------------------নবাবগঞ্জ, দিনাজপুর।
৯। সভাপতি/সম্পাদক ----------------------------------------নবাবগঞ্জ, দিনাজপুর।
১০। জনাব ----------------------------------------------- নবাবগঞ্জ, দিনাজপুর।
১১। অফিস কপি।

২৩/৭/২৩
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।